



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”


স্মারক নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৫/১৪(অংশ-৫)/১২৪৪৯(১৬)

তারিখ: ০৯/০৪/২০১৮ খ্রি.

বিষয় : আগামী ০৭ মে, ২০১৮ সোমবার বিআইবিএম অডিটরিয়াম মিলনায়তনে ঢাকা ওয়াসা এর কার্যক্রমের উপর ফলোআপ গণশুনানি অনুষ্ঠান আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলা এবং দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা দুর্নীতি দমন কমিশনের অন্যতম একটি দায়িত্ব। এরই ধারাবাহিকতায় ঢাকা ওয়াসা, মিরপুর অঞ্চল এর কার্যক্রমের উপর সেবা সম্পর্কিত বিষয়ে গত ১৪ মার্চ, ২০১৮ বুধবার বিআইবিএম অডিটরিয়াম, মিরপুরে গণশুনানির আয়োজন করা হয়েছিল। উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রাপ্ত অভিযোগসমূহের উপর আগামী ০৭ মে, ২০১৮ সোমবার (বেলা ১০.০০-১৪.০০ ঘটিকা) পর্যন্ত ঢাকা ওয়াসার মিরপুর অঞ্চলের পরিসেবা কার্যক্রমের উপরে বিআইবিএম অডিটরিয়াম, মিরপুরে বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় ফলোআপ গণশুনানির আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত ফলোআপ গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ড. নাসিরউদ্দীন আহমেদ, মাননীয় কমিশনার (অনুসন্ধান), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকবেন।

০২। এমতাবস্থায়, আগামী ০৭ মে, ২০১৮ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট অঞ্চলের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ সক্রিয় অংশগ্রহণ এবং সেবা গ্রহীতাদের মাঝে ফলোআপ গণশুনানির বিষয়ে বহুল প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


০৯ ০৪ ২০১৮
(মোঃ মনিরুজ্জামান)
পরিচালক

(প্রতিরোধ ও গণসচেতনতা)
ফোন: ৯৩৬২৪৩৭

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা
কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি কার্যার্থে:

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
২. সভাপতি, মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটি, মিরপুর অঞ্চল, ঢাকা।
৩. উপ প্রকল্প সমন্বয়ক, এসআইআরএমপিআরঃ ভিআইডি (ভ্যাট অনলাইন প্রজেক্ট), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিশ্ব ব্যাংক অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. এরিয়া ম্যানেজার, টিআইবি, ঢাকা।
৫. সভাপতি, সচেতন নাগরিক কমিটি (সনাক), ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. জেলা প্রশাসক, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

E:\Taleb.UDC\PUBLIC Hearing\D.O public hearing.docx